

সালাহ উদ্দিনের দাবি
শিক্ষকদের একাংশ নির্বাচনী
দায়িত্ব পালন করবে না
শিক্ষক পরিষদের অস্বীকার

নিজের প্রতিবেদক

নির্বাচন কমিশনের আবারও তফসিল স্থগিত করার আহ্বান জানিয়ে বিএনপির মুগ্ধ মহাসচিব সালাহ উদ্দিন আহমদ বলেছেন, একতরফা প্রহসনের নির্বাচন অবিলম্বে স্থগিত করুন। সেই সাথে তিনি শিক্ষকদের নির্বাচনী দায়িত্ব পালন না করার আহ্বান জানান। একতরফা নির্বাচনে শিক্ষকসমাজের একটি বৃহৎ অংশ দায়িত্ব পালনে অপরগতা প্রকাশ করেছে বলেও তিনি দাবি করেন। গতকাল পনিবার এক বিবৃতিতে তিনি এ কথা বলেন। তবে সালাহ উদ্দিন আহমদের এ দাবির প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জাতীয় শিক্ষক পরিষদ। গতকাল রাতে কালের কণ্ঠে টেলিফোনে করে পরিষদের সভাপতি অধ্যাপক মো. কদর উদ্দিন হাওলাদার বলেন, প্রজাতন্ত্রের কর্মচারী হিসেবে শিক্ষকরা সরকার তথা নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী নির্বাচনী দায়িত্ব পালনে বাধ্য। উদ্দের সাথে কোনো রাজনৈতিক দলের নির্বাচনে দায়িত্ব পালন না করার কোনো কথা হয়নি বলে তিনি জানান। সালাহ উদ্দিন আহমদ বিবৃতিতে বলেন, বর্তমান সরকারের অধীনে জাতীয় সংসদের নির্বাচন হতে পারে না। আওয়ামী লীগ নির্বাচনকে ভয় পায় বলেই নির্দলীয় নিয়োগের সরকারের অধীনে নির্বাচন দিচ্ছে না। নির্দলীয় সরকারের দাবিতে ঐক্যবদ্ধ হয়ে মহাহুকুম আহ্বানকারীরা জানিয়ে তিনি বলেন, এই ফাশিস্ট সরকারের পতন ঘটতে হবে। জনতার বিপ্লব সঙ্গিত হবে।